গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮৯/২০১৯-২০২০
ঢাকা, ২৬ অক্টোবর শনিবার ২০১৯, ১০ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাপান থেকে সিঙ্গাপুর পৌঁছেছেন রাষ্ট্রপতি
২। ন্যাম সম্মেলনে যোগ দিলেন প্রধানমন্ত্রী
৩। রোহিঙ্গাদের নিরাপদে ও স্বেচ্ছায় নিজভূমিতে প্রত্যাবাসনই একমাত্র সমাধান : ন্যাম সম্মেলনে প্রধানমন্ত্রী
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে মালেয়েশিয়ার প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদের আশ্বাস : রোহিঙ্গা সমস্যা সমাধানে আসিয়ানভুক্ত রাষ্ট্রগুলো সবকিছু করবে
৫। বাকুতে হাসিনা-রুহানি বৈঠক : রোহিঙ্গা সমস্যা সমাধানে কাজ করে যাবে তেহরান
৬। প্রধানমন্ত্রীর সঙ্গে আলজেরিয়ার ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের বৈঠক : পুনরায় ঢাকায় মিশন খুলবে আলজেরিয়া
৭। কলকাতায় খেলা দেখার ফাঁকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর মধ্যে তিস্তার পানি বন্টন নিয়ে আলোচনা হতে পারে
৮। প্রধানমন্ত্রীর নির্দেশে চলা শুদ্ধি অভিযান সারাদেশে ও আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে : সেতুমন্ত্রী
৯। চলমান দুর্নীতিবিরোধী অভিযান অব্যাহত থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী
১০। যতদিন প্রয়োজন ততদিন নুসরাতের পরিবারকে নিরাপত্তা দেওয়া হবে : আইনমন্ত্রী
১১। প্রবাসীদের কষ্টার্জিত অর্থে দেশ সমৃদ্ধ হয়েছে : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
১২। ক্রীড়া প্রতিষ্ঠান যেনো ক্যাসিনোয় পরিণত না হয় সেজন্য সংশ্লিষ্ট সবাইকে সজাগ থাকতে হবে : গণপূর্তমন্ত্রী

চলমান পাতা-২

১। **জাপান থেকে সিঙ্গাপুর পৌঁছেছেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জাপান ও সিঙ্গাপুরে আটদিনের রাষ্ট্রীয় সফরে গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) সিঙ্গাপুরে পৌঁছেছেন। সিঙ্গাপুর এয়ারলাইন্সের একটি বিমান রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিকেল ৩টা ১৫ মিনিটে (স্থানীয় সময়) চেঙ্গি আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করে। সিঙ্গাপুরে বাংলাদেশের হাইকমিশনার মো. মোস্তাফিজুর রহমান এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র কর্মকর্তারা বিমানবন্দরে রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানান। রাষ্ট্রপতি সিঙ্গাপুরে দুইদিনের যাত্রা বিরতি করবেন। এ সময় তিনি ইয়র্ক হোটেল সিঙ্গাপুরে অবস্থান করবেন। রাষ্ট্রপতি আগামীকাল ২৭ অক্টোবর রোববার দেশে ফিরবেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৬)।

২। **ন্যাম সম্মেলনে যোগ দিলেন প্রধানমন্ত্রী**

ফোরামের চেতনা সমুন্নত রাখা ও সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে পারস্পারিক সহযোগিতা জোরদারকরণের আহ্বানের মধ্যে দিয়ে নিয়ে গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) আজারবাইজানের রাজধানী বাকুতে জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৮তম সম্মেলন শরু হয়েছে। বাকু কংগ্রেস সেন্টারে ১২০টি উন্নয়নশীল রাষ্ট্রের ফোরাম ন্যাম নামের এর দু'দিনব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করেন আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অন্যান্য সদস্য দেশগুলোর সরকার ও রাষ্ট্রপ্রধান এবং সরকারি প্রতিনিধিদের সঙ্গে বাকু কংগ্রেস সেন্টারের প্ল্যানারি হলে সম্মেলনের উদ্বোধন ন্যাম পর্বে যোগ দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) সকাল ১০টায় সম্মেলনস্থলে এসে পৌঁছালে আজারবাইজানের প্রেসিডেন্ট তাঁকে স্বাগত জানান। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৮)।

৩। **রোহিঙ্গাদের নিরাপদে ও স্বেচ্ছায় নিজভূমিতে প্রত্যাবাসনই একমাত্র সমাধান**
**ন্যাম সম্মেলনে প্রধানমন্ত্রী**

আন্তর্জাতিক সম্প্রদায়কে রোহিঙ্গা সংকট সমাধানের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মিয়ানমারের নাগরিকদের নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে তাদের নিজভূমিতে স্বেচ্ছায় ফিরে যাওয়াই সংকটের একমাত্র সমাধান। এ সংকট কেবল বাংলাদেশে নয়, এর বাইরেও অস্থিতিশীলতা তৈরি করছে বলে তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) আজারবাইজানের বাকু কংগ্রেস সেন্টারে জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৮তম শীর্ষ সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে সমসাময়িক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত ও পর্যাপ্ত পদক্ষেপ নিশ্চিতে 'বান্দুং নীতিমালা' সমুন্নত রাখা বিষয়ে এক সাধারণ আলোচনায় ভাষণে এসব কথা বলেন। আর্থসামাজিক সাফল্য সত্ত্বেও বাংলাদেশ বর্তমানে জলবায়ু পরিবর্তন ও রোহিঙ্গা সংকট এ দুটি চ্যালেঞ্জ মোকাবিলা করছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গা সংকট একটি রাজনৈতিক সংকট এবং এর মূল গভীরভাবে মিয়ানমারে প্রোথিত। তাই এর সমাধানও মিয়ানমারের অভ্যন্তরেই খুঁজতে হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৬)।

৪। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে মালেয়েশিয়ার প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদের আশ্বাস :**
**রোহিঙ্গা সমস্যা সমাধানে আসিয়ানভুক্ত রাষ্ট্রগুলো সবকিছু করবে**

মিয়ানমারে রোহিঙ্গা হত্যাযজ্ঞের বিচার দাবি করে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ বলেছেন, এ সমস্যা সমাধানে যা প্রয়োজন মালয়েশিয়া এবং অন্যান্য আসিয়ানভুক্ত রাষ্ট্রগুলো সবকিছুই করবে। তিনি বলেন, আমি মনে করি, মিয়ানমারের রোহিঙ্গাদের ওপর গণহত্যা চালানো হয়েছে এবং এর বিচার হতে হবে। গতকাল (২৫ অক্টেবার শুক্রবার) ১৮তম ন্যাম সম্মেলনের সাইড লাইনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদের মধ্যে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক বৈঠকে মাহাথির এ দাবি করেন। ড. মাহাথির ভাসানচরে যে দ্বীপে রোহিঙ্গাদের স্থানান্তর করা হবে, সে সম্পর্কে প্রধানমন্ত্রীর কাছে জানতে চান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মালয়েশিয়ার প্রধানমন্ত্রীকে দ্বীপটির নিরাপত্তা এবং সুরক্ষাসহ বিভিন্ন দিক সম্পর্কে অবহিত করেন। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার আরো বাংলাদেশি শ্রমিক নিয়োগে কাজ অব্যাহত রাখবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৫,ক.২)।

৫। **বাকুতে হাসিনা-রুহানি বৈঠক : রোহিঙ্গা সমস্যা সমাধানে কাজ করে যাবে তেহরান**

ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি বলেছেন, তেহরান রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ সৃষ্টিতে কাজ করে যাবে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) বাকু কংগ্রেস সেন্টারে ১৮তম ন্যাম সম্মেলনের সাইড লাইনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে ইরানের প্রেসিডেন্ট এ আশ্বাস দেন। রুহানি প্রায় ১১ লাখ রোহিঙ্গাকে বাংলাদেশে আশ্রয় প্রদান করায় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানান। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৫,ক.২)।

৬। **প্রধানমন্ত্রীর সঙ্গে আলজেরিয়ার ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের বৈঠক : পুনরায় ঢাকায় মিশন খুলবে আলজেরিয়া**

বাংলাদেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে আলজেরিয়া ঢাকায় তাঁর কূটনৈতিক মিশন পুনরায় চালু করবে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) আলজেরিয়ার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট আবদেলকাদের বেনসালাহ বাকু কংগ্রেস সেন্টারে ন্যাম সম্মেলনের সাইড লাইনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে এ কথা বলেন। বাংলাদেশে মিশন পুনরায় চালুর সিদ্ধান্তে প্রধানমন্ত্রী আলজেরীয় প্রেসিডেন্টকে ধন্যবাদ জানিয়ে বলেন, তাঁর সরকার এ বিষয়ে সব ধরনের সহযোগিতা করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ন্যাম সম্মেলনে যোগদান উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আলজেরিয়া সফর এবং একইসঙ্গে তাঁর নিজের আলজেরিয়া সফরের কথাও স্মরণ করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৭,ক.২)।

**৭।　কলকাতায় খেলা দেখার ফাঁকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর মধ্যে তিস্তার পানি বন্টন নিয়ে আলোচনা হতে পারে**

আগামী মাসে কলকাতার ইডেন গার্ডেনে দুই দেশের ক্রিকেট দলের মধ্যে টেস্ট ম্যাচ অনুষ্ঠিত হবে। ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের নতুন সভাপতি সৌরভ গাঙ্গুলির আমন্ত্রণে ২২ নভেম্বর প্রথম দিনের খেলা দেখবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। এ সময় তিন শীর্ষ নেতার মধ্যে তিস্তার পানি বন্টন নিয়ে আলোচনা হতে পারে বলে জানা যায়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

**৮।　প্রধানমন্ত্রীর নির্দেশে চলা শুদ্ধি অভিযান সারাদেশে ও আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, একটি শুদ্ধি অভিযান শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে চলা শুদ্ধি অভিযান সারাদেশে ও আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৎ সাহস আছে। দলের কেউ অপকর্ম করলে তাকে শাস্তি পেতে হবে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)।

**৯।　চলমান দুর্নীতিবিরোধী অভিযান অব্যাহত থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশে এখন যে দুর্নীতিবিরোধী অভিযান চলছে তা অব্যাহত থাকবে। দুর্নীতি-অনিয়ম যার বিরুদ্ধে পাওয়া যাবে তাকেই গ্রেফতার করা হবে। তার কোনো দল বা আদর্শ নেই। তাকে অপরাধী হিসেবেই শনাক্ত করা হবে। আর তা করা হচ্ছে দেশে সুশাসন নিশ্চিত করার জন্য। তিনি আরো বলেন, ভোলার ঘটনায় কারা জড়িত খতিয়ে দেখা হচ্ছে। ঘটনার এখনো তদন্ত চলছে। তদন্তের পরই প্রকৃত কারণ বেরিয়ে আসবে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) উত্তরায় আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন) মাঠে অ্যাম্বাসি কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**১০।　যতদিন প্রয়োজন ততদিন নুসরাতের পরিবারকে নিরাপত্তা দেওয়া হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ফেনীর নুসরাত জাহান রাফির পরিবারকে যতদিন পর্যন্ত নিরাপত্তা দেওয়া প্রয়োজন, ততদিন নিরাপত্তা দেওয়া হবে। তাদের যদি আসামি বা কুচক্রী মহল হুমকি দেয়, তারও কঠোর বিচার করা হবে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) গুলশানের বাসভবনে আয়োজিত সংবাদসম্মেলনে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**১১।　প্রবাসীদের কষ্টার্জিত অর্থে দেশ সমৃদ্ধ হয়েছে : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ বদলে যাচ্ছে। দেশের সব জায়গায় উন্নয়ন কাজ হচ্ছে। প্রবাসী ভাইদের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। কারণ প্রবাসীদের কষ্টার্জিত টাকায় দেশ সমৃদ্ধ হয়েছে। বাংলাদেশের উন্নয়নে প্রবাসীদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) সুনামগঞ্জের জগনাথপুরে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৮)।

**১২।　ক্রীড়া প্রতিষ্ঠান যেনো ক্যাসিনোয় পরিণত না হয় সেজন্য সংশ্লিষ্ট সবাইকে সজাগ থাকতে হবে : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ণ ও গণপূতমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, ক্রীড়া প্রতিষ্ঠান যেনো ক্যাসিনোর নামে অনৈতিক প্রতিষ্ঠানে পরিণত না হয় সেজন্য সংশ্লিষ্ট সবাইকে সজাগ ও সচেতন থাকতে হবে। গতকাল (২৫ অক্টোবর শুক্রবার) বঙ্গবন্ধু স্টেডিয়ামে বাংলাদেশ অ্যাথলেটিক ফেড়ারেশন আয়োজিত ৩৫তম জাতীয় জুনিয়র (বয়সভিত্তিক) অ্যাথলেটিক প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র **: সংবাদ (শেষ** পৃ,ক.৪)।